



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
সরকারি বি এল কলেজ, খুলনা

দুরালাপনী : অফিস ৭৬২৯৪৪  
ফ্যাক্স নং : ০৪১-২৮৫০৩৭০

**২০১৬ সালের ১ম বর্ষ অনার্স (বিশেষ) গ্রেড উন্নয়ন পরীক্ষার আবেদন ফরম পূরণের বিজ্ঞপ্তি**

১ম বর্ষ অনার্স পরীক্ষার আবেদন ফরম পরীক্ষার্থী নিজে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট  
[www.nu.edu.bd/201](http://www.nu.edu.bd/201) থেকে A4 Size কাগজে প্রিন্ট করে নিতে হবে।

আবেদন ফরম জমা দানের তারিখ ও ফিসাদি :

বিষয়	পরীক্ষার ফি		জমাদানের তারিখ
	পূর্ণ একপত্র	অর্ধপত্র	
সকল বিষয়	১০০০/=	৯৪০/=	১৯/০২/২০১৭

অতিরিক্ত পূর্ণপত্র হলে পত্র প্রতি ২০০/= টাকা এবং অতিরিক্ত অর্ধপত্র হলে অর্ধপত্র প্রতি ১৪০/= টাকা জমা দিতে হবে।

**গ্রেড পরীক্ষার্থীদের যোগ্যতাঃ**

- \* ২০১৫ সালের অনার্স ১ম বর্ষ (বিশেষ) পরীক্ষা যে সকল শিক্ষার্থী অংশগ্রহণ করে ২য় বর্ষে প্রমোশন পেয়েছে, ঐ সকল শিক্ষার্থীরা শুধুমাত্র C এবং D গ্রেড প্রাপ্ত কোর্স/কোর্সসমূহে গ্রেড উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
- \* এছাড়া যে সকল শিক্ষার্থী ২০১০, ২০১১, ২০১২, ২০১৩ (বিশেষ) ও ২০১৪(বিশেষ) সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে এক বা একাধিক কোর্সে F গ্রেড পেয়ে ২য় বর্ষে প্রমোশন পেয়েছে কিন্তু F গ্রেড প্রাপ্ত কোর্স বা কোর্স সমূহে ২০১৫ সালের (বিশেষ) পরীক্ষায় অংশগ্রহণ করে নাই বা অংশ নিয়ে পুনরায় F গ্রেড পেয়েছে তারা ২০১৬ সালের (বিশেষ) পরীক্ষায় শুধুমাত্র F গ্রেড কোর্স বা কোর্সসমূহে অংশগ্রহণ করতে পারবে।
- \* সকল F গ্রেড প্রাপ্ত কোর্সে পরীক্ষা দিয়ে (রেজিস্ট্রেশনের মেয়াদে) অবশ্যই ন্যূনতম D গ্রেড এ উন্নীত করতে হবে। F গ্রেডকে উচ্চতর গ্রেডে উন্নীত করলে পরবর্তীতে গ্রেড উন্নয়নের কোন সুযোগ থাকবে না এবং ফলাফল যাই হোক না কেন B<sup>+</sup> গ্রেড এর বেশি প্রাপ্য হবে না।
- \* ২০১৫ সালের ১ম বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করে C Promoted প্রাপ্ত পরীক্ষার্থীদের অনুপস্থিত ১টি পত্রে ২০১৬ সালের (বিশেষ) পরীক্ষায় অবশ্যই অংশগ্রহণ করতে হবে।
- \* ইনকোর্স ও ব্যবহারিক পরীক্ষায় গ্রেড উন্নয়নের কোন সুযোগ নেই।
- \* সকল শিক্ষাবর্ষের পরীক্ষার্থীকে ৮০% তত্ত্বীয় নম্বরে একই প্রশ্নের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। ফলাফল প্রকাশের ক্ষেত্রে ২০০৯-২০১০, ২০১০-১১ এবং ২০১১-২০১২, ২০১২-২০১৩ শিক্ষাবর্ষের পরীক্ষার্থীদের প্রাপ্ত নম্বর ১০০ নম্বরে Convert করে ফলাফল প্রকাশ করা হবে।


**পাঠ্যসূচি :** সকল বিষয়ের পরীক্ষা চার বছর মেয়াদী অনার্স কোর্সের পাঠ্যসূচি ও সংশোধিত রেগুলেশন ২০০৯-২০১০ শিক্ষাবর্ষ থেকে কার্যকর সিলেবাস অনুযায়ী শেষ বারের মত অনুষ্ঠিত হবে। এ সিলেবাসে ভবিষ্যতে আর কোন পরীক্ষা অনুষ্ঠিত হবে না। তবে কোন শিক্ষার্থীর রেগুলেশন অনুযায়ী গ্রেড উন্নয়ন পরীক্ষার সুযোগ থাকলে তাকে ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের সংশোধিত সিলেবাস ও রেগুলেশন অনুযায়ী পরীক্ষা দিতে হবে।

**পরীক্ষার আবেদন ফরম পূরণের নিয়মাবলী :**

- আবেদন ফরম পরীক্ষার্থীকে স্বহস্তে পূরণ করতে হবে। আবেদন ফরম পূরণে কোন প্রকার ভুল হলে তার জন্য সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রীরাই দায়ী থাকবে।
- আবেদন ফরম সঠিকভাবে পূরণ করা হয়েছে কিনা তা বিভাগীয় প্রধান অবশ্যই যাচাই করে আবেদন ফরমে স্বাক্ষর করবেন।
- আবেদন ফরম এ বিভাগীয় প্রধানের স্বাক্ষরের পর ফটোকপি তা স্ব স্ব বিভাগে জমা দিতে হবে।
- মানোন্নয়ন পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি ও অনলাইন ফলাফলের ফটোকপি জমা দিতে হবে।
- ১ কপি স্ট্যাম্প সাইজের রঙিন ছবি আবেদন ফরমের নির্ধারিত স্থানে আইকা আঠা দিয়ে লাগাতে হবে এবং ১ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি (ছবির নিচে রেজিস্ট্রেশন নম্বর লিখে) স্ব স্ব বিভাগে জমা দিতে হবে।

স্ব স্ব বিভাগ কলেজ অফিসে জমাকৃত পরীক্ষার আবেদন গ্রহণ করে আগামী ২০.০২.২০১৭ তারিখের মধ্যে অনলাইনে ডাটা এন্ট্রি করে তা ২৩.০২.২০১৭ খ্রি. তারিখের কলেজ অফিসে পুনরায় জমা দেয়ার ব্যবস্থা করতে বিভাগীয় প্রধানগণকে অনুরোধ করা হল। অনলাইনে ডাটা এন্ট্রির শেষ তারিখ ২২.০২.২০১৭ খ্রি. রাত ১২টা পর্যন্ত।

এই বিজ্ঞপ্তিটি কলেজ ওয়েব সাইট [www.blcollege.edu.bd](http://www.blcollege.edu.bd) এ পাওয়া যাবে।

  
(প্রফেসর গুলশান আরা বেগম)  
অধ্যক্ষ  
সরকারি বি এল কলেজ, খুলনা